অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/29/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সর্বপ্রথম ভেটেরানদের মোবাইল আউটরিচ সেন্টারের সূচনা ঘোষণা করলেন

নিউ ইয়র্ক স্টেটের ভেটেরান পরিষেবা বিভাগ এই সপ্তাহে গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারে তাদের প্রথম ভেটেরানদের মোবাইল আউটরিচ কেন্দ্রের সূচনা করেছে

মোবাইল আউটরিচ ক্ষমতা মানুষ যেখানে আছে সেখানে তাদের কাছে পৌঁছে যাবে, আরো বেশি ভেটেরান, সামরিক সদস্য, এবং সামরিক পরিবারকে তাদের উপার্জিত বেনিফিটের সাথে সংযুক্ত করতে সাহায্য করবে

আগামী মাসগুলিতে নিউ ইয়র্ক স্টেটের বিশেষ ইভেন্ট ও সম্প্রদায়ে আরো দুইটি ভেটেরানদের মোবাইল আউটরিচ সেন্টার স্থাপন করা হবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করছেন যে নিউ ইয়র্ক স্টেটের সর্বপ্রথম ভেটেরানদের জন্য মোবাইল আউটরিচ সেন্টার (Veterans Mobile Outreach Centers) খোলা হয়েছে, এটি নিউ ইয়র্ক স্টেটের ভেটেরান পরিষেবা বিভাগকে (Department of Veterans' Services, DVS) তিনটি যানবাহনের একটি ফ্লিট দ্বারা সজ্জিত করে যেগুলিকে পুরো স্টেটের যেকোনো অবস্থানে ভেটেরান, সামরিক সদস্য, এবং সামরিক পরিবারকে সহায়তা করার জন্য অনন্যভাবে সাজানো হয়েছে। DVS এর নতুন মোবাইল আউটরিচ সেন্টারগুলির প্রথমটি আজকে গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারে অবস্থান করবে, যেখানে এটি উপস্থিত ভেটেরান, সামরিক সদস্য, এবং সামরিক পরিবারকে সেবাদান করার জন্য প্রস্তুত থাকবে। আগামী মাস গুলিতে আরো দুইটি মোবাইল আউটরিচ সেন্টার খোলা হবে।

"উদ্ভাবনী এই সেন্টারগুলি হলো আমাদের জন্য নিঃস্বার্থভাবে সেবাদান করা ব্যক্তিদের সেবাদান করার প্রতি আমাদের অবিচল প্রতিশ্রুতির প্রমাণস্বরূপ। আমাদের ভেটেরান, সামরিক সদস্য, এবং তাদের পরিবারের কাছে সরাসরি অত্যাবশ্যকীয় সেবা পৌঁছে দেওয়ার মাধ্যমে সর্বদা তাদের নাগালে সমর্থন ও সংস্থান থাকা আমরা নিশ্চিত করছি," **গভর্নর হোকল বলেন।** "যারা আমাদের দেশের জন্য এতো ত্যাগ করেছেন তাদের প্রতিদান প্রদান করার ব্যাপারে আমাদের নিবেদনকে এটি মূর্ত করে, এবং এই স্বপ্নকে বাস্তব হতে দেখে আমি গর্বিত। একত্রে, পুরো নিউ ইয়র্কে আমাদের নায়কদের জীবনে আমরা একটি অর্থপূর্ণ পার্থক্য সৃষ্টি করে দিচ্ছি।"

গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারে (Great New York State Fair) এই সপ্তাহে সূচনা হতে যাওয়া, এবং গভর্নর হোকলের স্টেট অফ দ্য স্টেটের প্রস্তাবনাসমূহের একটি পূরণ করা এই মোবাইল আউটরিচ সেন্টারগুলি ভেটেরান, সামরিক সদস্য, এবং সামরিক পরিবারকে মার্কিন যুক্তরাষ্ট্রের ভেটেরান অ্যাফেয়ার্স বিভাগের (Veterans Affairs, VA) স্বীকৃত কোনো ভেটেরান বেনিফিট উপদেষ্টার (Veterans Benefits Advisor) সাথে গোপনে দেখা করার একটি অনন্য ও নিরাপদ স্থান প্রদান করে, অত্যাবশ্যকীয় এই সেবাটিকে নিউ ইয়র্ক স্টেটের বিভিন্ন স্থানে নিয়ে যায় যেখানে ভেটেরান, সামরিক সদস্য, এবং তাদের পরিবার বসবাস, কাজ, খেলাধুলা, এবং সমৃদ্ধি করে।

একজন ভেটেরান, সামরিক সদস্য, বা সামরিক পরিবারের সদস্য কোনো ভেটেরান বেনিফিট উপদেষ্টার সাথে কাজ করে একটি মোবাইল আউটরিচ সেন্টার থেকে VA বেনিফিটের জন্য দাবি বা আপিল দায়ের করতে, VA স্বাস্থ্যসেবায় নাম লেখাতে, তাদের নিউ ইয়র্ক স্টেটের বাসস্থানে সম্পত্তি কর মওকুফ সম্পর্কিত নির্দেশনা লাভ করতে, ফার্মার্স মার্কেটে ব্যবহার করার জন্য তাদের বার্ষিক বরাদ্দের ফ্রেশ কানেক্ট চেক সংগ্রহ করতে, এবং নিউ ইয়র্ক স্টেটের ভেটেরান পরিষেবা বিভাগের ইট পাথরের যেকোনো অফিসের ভেতর সম্পাদন করা যায় এমন অন্যান্য কার্য সম্পাদন করতে পারবে।

ইতিমধ্যেই ভেটেরান আউটরিচ সেন্টারের জন্য অন্যান্য কার্যক্রমের স্থান নির্ধারিত হয়েছে, যেমন সিরাকিউজে নিউ ইয়র্ক স্টেটের RV শোতে (New York State RV Show) এবং মার্কিন যুক্তরাষ্ট্রের সর্ববৃহৎ ভেটেরান দিবসের ইভেন্ট, নিউ ইয়র্ক সিটির ভেটেরান দিবস প্যারেডে (Veterans Day Parade) অংশগ্রহণ। কোনো ব্যক্তি যদি চায় যে একটি ভেটেরান মোবাইল আউটরিচ কেন্দ্র তাদের সম্প্রদায়ে পরিদর্শন করতে যাক বা তাদের ইভেন্টে অংশগ্রহণ করুক, তাহলে সময়সূচি নির্ধারণ করার জন্য 1-888-838-7697 নম্বরে নিউ ইয়র্ক স্টেটের ভেটেরান পরিষেবা বিভাগের সাথে যোগাযোগ করার জন্য তাদেরকে উৎসাহিত করা হচ্ছে।

নিউ ইয়র্ক স্টেটের ভেটেরান্স সার্ভিসেস বিভাগের কমিশনার ভিভিয়ানা ডেকোহেন বলেন, "এই এজেন্সির কমিশনার এবং মার্কিন যুক্তরাষ্ট্রের মেরিন কোরের একজন ভেটেরান হিসেবে আমার প্রতিদিনের প্রতিজ্ঞা হলো খুঁজে বের করে সেবাদান করা। নিজের অভিজ্ঞতা থেকে আমি জানি যে সামরিক জীবন থেকে বেসামরিক জীবনে প্রবেশ করার যাত্রার যেকোনো পর্যায়ে ফেডারেল ও স্টেটের সংস্থান একজন ভেটেরানের জন্য কতটা মূল্যবান। ভেটেরান মোবাইল আউটরিচ সেন্টারগুলি বহু মানুষের জীবনে দুর্দান্ত পরিবর্তন নিয়ে আসবে, যোগাযোগের জন্য সুবিধাজনক স্থান এবং নিউ ইয়র্ক স্টেটের প্রতিটি অঞ্চলের ভেটেরান, সামরিক সদস্য, এবং সামরিক পরিবারের জন্য সেবা পাওয়ার সহজলভ্য স্থান প্রদান করবে।"

ভেটেরান মোবাইল আউটরিচ সেন্টার উদ্যোগটি আমাদের স্টেটের ভেটেরান, সামরিক সদস্য, এবং তাদের পরিবারকে সমর্থন করার ব্যাপারে নিউ ইয়র্ক স্টেটের অবিচল প্রতিশ্রুতিকে তুলে ধরে। এই কর্মসূচিটি হলো DVS এবং অংশীদার এজেন্সিগুলির পরিচালিত স্টেটের কয়েক ডজন ভেটেরান বেনিফিট ও সেবার মধ্যে একটি যারা বর্তমান অর্থবছরে নিউ ইয়র্কের ভেটেরান এবং তাদের পরিবারকে সমর্থন করার জন্য 200 মিলিয়ন মার্কিন ডলারের অনেক বেশি পরিমাণ বিনিয়োগ প্রদান করবে।

ভেটেরান সেবা বিভাগ সম্পর্কে

1945 সাল থেকে ভেটেরান, সামরিক সদস্য, এবং সামরিক পরিবারের জন্য স্টেটের অ্যাডভোকেসি এজেন্সি হিসেবে কাজ করা নিউ ইয়র্ক স্টেটের ভেটেরান পরিষেবা বিভাগটি সকল ভেটেরান, সামরিক সদস্য, এবং সামরিক পরিবারকে ব্যাপক ব্যাপ্তির অনুশীলন ক্ষেত্রে, যেমন মার্কিন যুক্তরাষ্ট্রের ভেটেরান্স অ্যাফেয়ার্স বিভাগের কাছে বেনিফিট পাওয়ার দাবি ও আপিল করা, মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা বিভাগের (United States Department of Defense, DoD) কাছে ডিসচার্জ আপগ্রেড করার আপিল করা, এবং নিউ ইয়র্ক স্টেটের বেনিফিটের জন্য দাবি করার ক্ষেত্রে একটি এজেন্সিব্যাপী প্রতিশ্রুতি বজায় রাখে। ভেটেরান, সামরিক সদস্য, এবং সামরিক পরিবারসমূহকে 888-838-7697 নম্বরে বা তাদের ওয়েবসাইটে বিভাগের সাথে যোগাযোগ করার জন্য উৎসাহিত করা হচ্ছে যাতে তারা তাদের চাহিদা পূরণ এবং তাদের উপার্জিত বেনিফিটের সম্পূর্ণ সুবিধা পাওয়ার ব্যাপারে একজন স্বীকৃত ভেটেরান বেনিফিট উপদেষ্টার সাথে সশরীরে বা ভার্চুয়ালি দেখা করতে পারে। ফেসবুক, ইনস্টাগ্রাম এবং টুইটারে DVS কে ফলো করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন